



বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা প্রকল্প (সংশোধিত)
পল্লী ভবন (৬ষ্ঠ তলা)
৫, কাওরান বাজার, ঢাকা-১২১৫।
www.iresppw-brdb.gov.bd/Fax- 8189029

স্মারক নংঃ ৪৭.৬২.০০০০.৯৬১.০০.৮৮৬.১৫- ৬৫৬৫

তারিখঃ ২৪/০২/২০১৬ খ্রিস্টাব্দ।


পরিপত্র

বিষয়ঃ পুরস্কারের জন্য সুফলভোগী সদস্য ও প্রকল্প সংশ্লিষ্ট কর্মকর্তা-কর্মচারী মনোনয়ন।

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড কর্তৃক বাস্তবায়নাধীন “দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা (সংশোধিত)” প্রকল্পের কার্যক্রমে কৃতিত্বপূর্ণ অবদানের জন্য প্রকল্পের উপকারভোগী ও বাস্তবায়ন কার্যক্রমে নিয়োজিত কর্মকর্তা-কর্মচারীদের ভাল কাজের স্বীকৃতি স্বরূপ পুরস্কার প্রদানের সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে। এ লক্ষ্যে প্রণীত পুরস্কার নীতিমালা ও নিম্নোক্ত নির্দেশনা অনুসরণপূর্বক পুরস্কারের জন্য সুফলভোগী সদস্য ও প্রকল্প সংশ্লিষ্ট কর্মকর্তা-কর্মচারী মনোনয়ন প্রদানের জন্য অনুরোধ করা হলোঃ

নির্দেশাবলী -

- ১) প্রাথমিক ভাবে আঞ্চলিক পর্যায়ে ০৭ (সাত) ক্যাটাগরিতে ১৮ (আঠার) টি করে পুরস্কার প্রদান করা হবে;
- ২) ২০১৪-১৫ অর্থ বছরের সম্পাদিত কার্যক্রম পর্যালোচনা করতঃ পুরস্কারের জন্য যোগ্য প্রার্থী মনোনয়ন করতে হবে;
- ৩) ইতোমধ্যে যেসকল কর্মকর্তা-কর্মচারী অন্যত্র বদলী হয়েছেন তাদের পূর্ববর্তী কর্মস্থলের ২০১৪-১৫ অর্থ বছরের কার্যক্রম সংশ্লিষ্ট ক্যাটাগরিতে যোগ্য প্রার্থী বাছাই এর ক্ষেত্রে বিবেচনায় আনতে হবে;
- ৪) উপজেলা কমিটি ০১ (এক) জন শ্রেষ্ঠ সুফলভোগী, ০১ (এক) জন শ্রেষ্ঠ ম্যানেজার ও ০১ (এক) জন শ্রেষ্ঠ মাঠ সংগঠক মনোনয়ন প্রদান করে নম্বর বন্টনের নির্ধারিত ফরমসহ মনোনীত ব্যক্তিদের তালিকা আগামি ১৫/৩/২০১৬ খ্রিস্টাব্দ তারিখের মধ্যে সংশ্লিষ্ট জেলা দপ্তরে প্রেরণ করবেন;
- ৫) জেলা কমিটি ০১ (এক) জন শ্রেষ্ঠ উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, ০১ (এক) জন শ্রেষ্ঠ সহকারী পল্লী উন্নয়ন অফিসার (ইরেসপো) ও ০১ (এক) জন শ্রেষ্ঠ হিসাব সহকারী (ইরেসপো) মনোনয়ন প্রদান এবং উপজেলা থেকে প্রাপ্ত মনোনয়ন যাচাই বাছাই করে জেলার একিভূত তালিকা (নম্বর বন্টনের নির্ধারিত ফরমসহ) আগামি ২৫/৩/২০১৬ খ্রিস্টাব্দ তারিখের মধ্যে প্রকল্প সদর দপ্তরে প্রেরণ করবেন।


প্রকাশলী চৌধুরী রাশেদুল আলিম
প্রকল্প পরিচালক (ইরেসপো)
বিআরডিবি, ঢাকা।
ফোন নং-০২-৮১৮০১৪৪

অনুলিপি বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)ঃ

১. পরিচালক (সরেজমিন/পরিকল্পনা), বিআরডিবি, ঢাকা।
২. যুগ্ম পরিচালক (প্রশাসন), বিআরডিবি, ঢাকা।
৩. জেলা প্রশাসক, জেলাঃ -----।
৪. জেলা কৃষি/মহিলা বিষয়ক অফিসার, জেলাঃ -----।
৫. উপপরিচালক, বিআরডিবি, জেলাঃ -----।
৬. উপজেলা নির্বাহী অফিসার, উপজেলাঃ-----জেলাঃ-----।
৭. উপজেলা পল্লী উন্নয়ন/কৃষি/মহিলা বিষয়ক অফিসার, উপজেলাঃ-----জেলাঃ-----।
৮. প্রোগ্রামার, ইরেসপো, বিআরডিবি, ঢাকা (প্রকল্পের ওয়েবসাইটে প্রকাশের জন্য)।
৯. মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা।
১০. সহকারী পল্লী উন্নয়ন অফিসার (ইরেসপো), বিআরডিবি, উপজেলাঃ-----জেলাঃ-----।
১১. সংশ্লিষ্ট নথি।